সমকাল

তারিখ 05 NOV 2013
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# নারীদের কম্পিউটার শিক্ষায় ৫৩ কোটি টাকার প্রকল্প

■ সমকাল প্রতিবেদক

দেশের ৬৪ জেলায় শিক্ষিত বেকার নারীদের তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি প্রকল্প গ্রহণ করেছে সরকার। প্রকল্পটির মাধ্যমে কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণ শেষে ডিপ্লোমা কোর্স সনদপত্র দেওয়া হবে। এখান থেকে সনদপ্রাপ্ত মহিলারা সরকারি ও বেসরকারি সংশ্লিষ্ট চাকরিতে যোগদান করতে পারবেন। 'জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ' শীর্ষক প্রকল্পটি আজ মঙ্গলবার সরকারের চূড়ান্ত অনুমোদনের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় উপস্থাপন করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে ওই সভা অনুষ্ঠিত হবে।

পরিকল্পনা কমিশন সূত্র জানায়, প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ৫২ কোটি ৫৩ লাখ টাকা। পুরোটাই সরকারি তহবিল থেকে জোগান দেওয়া হবে।